স্কুল ফর কমিউনিটি ডেভেলপমেন্ট

(ইন্সটিটিউট ফর কমিউনিটি ডেভেলপমেন্ট-এর তত্ত্বাবধানে পরিচালিত)

সরকারি রেজিস্ট্রেশন নম্বর: এস-৬৮১৩(০১/০৭)

প্রসপেক্টাস

সিলেট শাখা

বাসা নং ৪৫, উর্মি আবাসিক এলাকা

পশ্চিম শিবগঞ্জ, সিলেট

মোবাইল: ০১৬০০ ৩১৯ ৯৯৯

ই-মেইল: sylhet@scdbd.org

ওয়েবসাইট: www.scdbd.org

সকল প্রশংসা আল্লাহর জন্য। সালাত ও সালাম বর্ষিত হোক রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ওপর।

প্রিয় অভিভাবক, আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহ।

আমাদের সন্তানরা জীবনের একটি নির্দিষ্ট সময় পর্যন্ত আমাদের স্নেহ-মমতা, যত্ন ও দিকনির্দেশনায় বেড়ে ওঠে। বয়স বাড়ার সঙ্গে সঙ্গে নিজেদের জীবনের সিদ্ধান্ত নেওয়ার দায়িত্ব তাদের ওপর অর্পিত হয়। সেদিন দুনিয়া লাভের সুযোগ পেয়েও সে হারাম থেকে সরে দাঁড়াবে কি না, প্রতিকূলতার মধ্যেও সত্যের ওপর অটল থাকবে কি না, তার অনেকখানি নির্ভর করবে আজ আমরা তাকে কী শেখাচ্ছি এবং কীভাবে বড় করছি তার উপর। তাই সন্তানের শিক্ষার আয়োজন করতে গিয়ে, ভবিষ্যৎ মানুষটির আদর্শিক অবস্থান নিয়েও চিন্তা করা অত্যন্ত জরুরি।

স্কুল ফর কমিউনিটি ডেভেলপমেন্ট (এসসিডি) এই দায়িত্ববোধ থেকে গড়ে ওঠা সম্পূর্ণ অলাভজনক একটি শিক্ষা প্রতিষ্ঠান। এটি কমিউনিটিভিত্তিক একটি শিক্ষা উদ্যোগ। আমরা চাই, পরিবার ও বিদ্যালয়ের সহযোগিতায়, একটি অনুকূল পরিবেশে আমাদের সন্তানরা জ্ঞানী, যোগ্য ও সচ্চরিত্রবান মুসলিম হিসেবে বেড়ে উঠুক। আমাদের শিক্ষাভাবনার কেন্দ্রে রয়েছে আল্লাহর সন্তুষ্টি অর্জন এবং আখিরাতের কল্যাণ।

ঈমানের ভিত্তিতে জ্ঞানের বিকাশ

সন্তানকে ঈমানের ওপর গড়ে তোলার আন্তরিক ইচ্ছা থাকা সত্ত্বেও আমরা অভিভাবক ও শিক্ষকেরা কখনো কখনো এই দায়িত্বে ভুল করি। 'আধুনিক শিক্ষা' কিংবা 'আলোকিত জীবন'-এর আকর্ষণে কোনো শিক্ষাধারা, বই, সাহিত্য বা সাংস্কৃতিক বিষয়বস্তু গ্রহণ করার আগে তার ভেতরের বিশ্বাস বা worldview (জীবন সম্পর্কে দৃষ্টিভঙ্গি) যাচাই করি না। পাশ্চাত্যের শিক্ষাব্যবস্থা ও সংস্কৃতি থেকে নেওয়া নানা উপাদান বাছবিচার ছাড়াই সন্তানদের সামনে তুলে দিই। শিক্ষার এই আদর্শিক প্রভাব সম্পর্কে মুহাম্মদ আসাদ তার Islam at the Crossroads বইয়ে লিখেছেন:

"Except in rare cases, where a particularly brilliant mind may triumph over the educational matter, Western education of Muslim youth is bound to undermine their will to believe in the message of the Prophet, their will to regard themselves as representatives of the religiously-motivated civilization of Islam."

-- মুহাম্মদ আসাদ, Islam at the Crossroads, 'About Education', পৃষ্ঠা ৬৩।

তার উদ্বেগ হলো, পাশ্চাত্য শিক্ষার প্রভাবে মুসলিম তরুণরা আজ নিজেদের মুসলিম হিসেবে পরিচয় দিতে হীনমন্যতায় ভুগছে। তাই শিক্ষার বিষয়বস্তুর সঙ্গে তার দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ সম্পর্কেও আমাদের সচেতন থাকতে হবে। পাঠ্যবইয়ে যা বলা হচ্ছে, শ্রেণিকক্ষে তার চর্চা হচ্ছে কি না; সততা শিক্ষা দেওয়ার পাশাপাশি সৎ আচরণকে মূল্য দেওয়া হচ্ছে কি না; শিশুর সামনে যাঁরা আদর্শ হয়ে উঠছেন তাঁদের আচরণে সেই শিক্ষার পরিচয় আছে কি না- এসবই আমাদের বিবেচনার বিষয়।

সমন্বিত শিক্ষা ও ভবিষ্যৎ প্রস্তুতি

এসসিডির শিক্ষা কার্যক্রমে ইসলামের মৌলিক জ্ঞান, কুরআনের আরবি এবং তাজউইদসহ শুদ্ধ কুরআন তিলাওয়াতের পাশাপাশি থাকবে বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান ও সামাজিক বিজ্ঞান। এখানে পাঠদানের মাধ্যম হবে বাংলা। আরবি ও ইংরেজি ভাষা শেখার ওপরও যথাযথ গুরুত্ব দেওয়া হবে।

সাধারণ বিষয়গুলোর পাঠের মধ্যে শিক্ষার্থী ইসলামের সঙ্গে সংযোগ খুঁজে পাবে। ইতিহাস পড়তে গিয়ে ইসলামের সমৃদ্ধ ও সোনালী অতীত সম্পর্কে জানবে। প্রকৃতি ও পরিবেশ সম্পর্কে জানতে গিয়ে আল্লাহর সৃষ্টির নিদর্শন নিয়ে ভাববে। এসব বিষয় শেখানোর ক্ষেত্রে উপযোগী পাঠ-উপকরণ নির্বাচনে কুরআন-হাদীস ও নির্ভরযোগ্য ইসলামী উৎসকে গুরুত্ব দেওয়া হবে, ইন শা আল্লাহ।

চরিত্র গঠন ও পারস্পরিক শ্রদ্ধা

শিক্ষার্থীরা বিদ্যালয়ে দিনের একটি ছোট অংশ কাটায়। ঘরে ও বিদ্যালয়ের বাইরে থাকা সময়ের অভিজ্ঞতাও তার মনে গভীর ছাপ ফেলে। ঘর ও

বিদ্যালয় থেকে বিপরীতমুখী শিক্ষা পেলে কোনটি অনুসরণ করবে, তা নিয়ে সে দ্বিধায় পড়ে যায়। তাই তাকে আদর্শ মুসলিম হিসেবে গড়ে তোলার জন্য পরিবার ও বিদ্যালয়ের লক্ষ্য এবং চর্চায় মিল থাকা একান্ত জরুরি।

স্মার্টফোন ও ইন্টারনেটের অনিয়ন্ত্রিত ব্যবহার থেকে শিশুকে সুরক্ষিত রাখার পাশাপাশি তার সময় কাটানোর ভালো আয়োজন করতে হবে পরিবারকেই। অভিভাবকের বাছাই করা বই, খেলাধুলা, প্রকৃতির সান্নিধ্য এবং পরিবারের সঙ্গে আনন্দময় সময় তার সুস্থ বিকাশে ভূমিকা রাখবে। পর্যাপ্ত ঘুম, নিয়মিত সুষম খাবার ও পরিচ্ছন্নতার অভ্যাস গড়ে তোলার প্রতিও পরিবারকে যত্নশীল হতে হবে।

আমাদের প্রত্যাশা

আমরা এমন শিক্ষার্থী গড়ে তুলতে চাই, যে নিজের মুসলিম পরিচয় সম্পর্কে সচেতন থাকবে এবং সারা জীবন ঈমানের ওপর অটল থাকার সাধনা করবে। সে উপকারী জ্ঞান অর্জন করবে, কাজে দক্ষ হবে, হালাল উপার্জন করবে এবং মানুষের হক রক্ষা করবে। জীবনের কোনো পর্যায়ে দ্বীন ও পার্থিব স্বার্থের মধ্যে একটিকে বেছে নিতে হলে সে আল্লাহর সন্তুষ্টিকে প্রাধান্য দেবে। সাময়িক ক্ষতি মেনেও আখিরাতের কল্যাণকে অগ্রাধিকার দিবে।

নিজের দেশে বসে শিক্ষার্থীদের মনে কেবল কাফির দেশে ভবিষ্যৎ গড়ার স্বপ্ন জাগানো আমাদের উদ্দেশ্য নয়। আমরা চাই, তারা নিজের উন্নতির পাশাপাশি পরিবার, সমাজ ও দেশের কল্যাণেও ভূমিকা রাখুক। আল্লাহ আমাদের এই ভূখণ্ডে জন্ম দিয়েছেন—এই নিয়ামতের শুকরিয়া আদায় করে আমরা এখানেই সুন্দর জীবন ও সমাজ গড়ার স্বপ্ন দেখি, ইনশাআল্লাহ।

আল্লাহ আমাদের সন্তানদের বিশুদ্ধ ঈমান, উপকারী জ্ঞান ও উত্তম চরিত্র দান করুন। তাদের এমন জীবন দান করুন, যা রবের সন্তুষ্টি এবং দুনিয়া ও আখিরাতের কল্যাণের মাধ্যম হবে। আমীন।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষ:

ইনস্টিটিউট ফর কমিউনিটি ডেভেলপমেন্ট (ICD) সদস্যদের সমন্বয়ে গঠিত ICD–র একটি সাব-কমিটি, স্কুল ফর কমিউনিটি ডেভেলপমেন্টের (SCD) ম্যানেজিং কমিটি হিসেবে কাজ করবে এবং স্কুলের প্রশাসন ও ব্যবস্থাপনার সার্বিক দায়িত্বে থাকবে।

প্রশাসন:

প্রতিষ্ঠানের শিক্ষাগত দিক পরিচালিত হবে পেশাগতভাবে দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকমন্ডলীর দায়িত্বে। প্রশাসন, হিসাব, নিরাপত্তা প্রভৃতি কাজ সম্পন্ন করতে নিয়োজিত থাকবে আলাদা একটি উপযুক্ত টিম।

পাঠ্যসূচি এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়:

ইনস্টিটিউট ফর কমিউনিটি ডেভেলপমেন্ট (ICD) [৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি টিম] উপরে বর্ণিত লক্ষ্য ও উদ্দেশ্যের আলোকে পাঠ্যসূচি প্রণয়নের কাজে রত আছে। এটি ধারাবাহিক গবেষণাধর্মী একটি কর্মসূচি হিসেবে অব্যাহত থাকবে। ইসলামের আদর্শিক দিক এবং হারাম নয় এমন পার্থিব বিষয়াদির বাস্তবানুগ চাহিদার ভিত্তিতে পাঠ্যসূচির মানোন্নয়নের জন্য সংযোজন ও পরিমার্জনের প্রচেষ্টা দীর্ঘ মেয়াদী একটি কার্যক্রম হিসেবে থাকবে।

স্কুল ইউনিফর্ম, শিক্ষা উপকরণ এবং সময়ানুবর্তিতা:

স্কুলে প্রতিদিন শিক্ষার্থীরা নির্ধারিত স্কুল ইউনিফর্ম পরিধান করে নির্দিষ্ট সময়ের মধ্যে স্কুলে প্রবেশ করবে। সঠিকভাবে ইউনিফর্ম পরিধান করে নির্দিষ্ট সময়ের মধ্যে স্কুলে প্রবেশ করতে না পারলে উক্ত দিন শিক্ষার্থী স্কুলে প্রবেশের অনুমতি পাবে না। এছাড়া, নার্সারি-ষষ্ঠ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষার্থী স্কুল নির্ধারিত ব্যাগ, টিফিন বক্স, পেন্সিল বক্স ইত্যাদি শিক্ষা উপকরণ ব্যবহার করবে।

শ্রেণি বিন্যাস

	শ্রেণি	বয়স
৩য় শ্রেণি থেকে ছেলে ও মেয়েদের জন্য রয়েছে পৃথক ক্লাসরুম	নার্সারি	৪-৫ বছর
	কেজি	৫-৬ বছর
	১ম শ্রেণি	৬-৭ বছর
	২য় শ্রেণি	৭-৮ বছর
	৩য় শ্রেণি	৮-৯ বছর
	৪র্থ শ্রেণি	৯-১০ বছর
	৫ম শ্রেণি	১০-১১ বছর
	৬ষ্ঠ শ্রেণি	১১-১২ বছর

পাঠ্য বিষয়:

পর্যায়ক্রমে এসএসসি পর্যন্ত নিম্নের বিষয়গুলোতে শিক্ষাদানের ব্যবস্থা গ্রহণ করা হবে:

ক) ইংরেজি খ) বাংলা গ) হিফজুল কুরআন (আংশিক), কুরআনের আরবি ভাষা এবং ইসলামিক স্টাডিজ ঘ) পরিবেশ বিজ্ঞান ঙ) স্বাস্থ্য শিক্ষা চ) সাধারণ গণিত ছ) নৈর্ব্যক্তিক গণিত জ) পদার্থ বিদ্যা ঝ) রসায়ন ঞ) জীব বিজ্ঞান ট) ইতিহাস ঠ) ভূগোল ড) অর্থনীতি ঢ) কম্পিউটার বিজ্ঞান। স্কুলের শিক্ষাবর্ষ হবে জানুয়ারি হতে ডিসেম্বর পর্যন্ত এবং এটি দুইটি টার্মে বিন্যস্ত হবে।

আল-কুরআন হিফজ ও আরবি ভাষা শিক্ষা:

আল-কুরআন হিফজ:

শিক্ষার্থীরা সাধারণত নার্সারি, কেজি ও ১ম শ্রেণিতে কায়দা ও আম্মাপারা অধ্যয়ন করে। ১ম/২য় শ্রেণিতে আল-কুরআন রিডিং (নাজেরা) পড়বে এবং ২য়/৩য় শ্রেণি থেকে শিক্ষার্থীরা তাদের সামর্থ্য অনুযায়ী আল-কুরআন হিফজ করবে, ইন-শা-আল্লাহ।

আরবি ভাষা শিক্ষা:
আরবি ভাষা শিক্ষা কারিকুলামের প্রধান লক্ষ্য হচ্ছে ১০ম শ্রেণির মধ্যে একজন শিক্ষার্থী সাবলীলভাবে আল-কুরআনের সরল অর্থানুবাদ করতে পারবে এবং প্রয়োজনীয় আরবি ব্যাকরণ শিখবে।

আরবি ভাষা শিক্ষার ধাপসমূহ:

নার্সারি, কেজি: আরবি অক্ষরজ্ঞান সম্পর্কে ধারণা লাভ করবে।

১ম ও ২য় শ্রেণি: আরবি ভাষার মৌলিক কিছু নিয়মাবলি, আরবি লেখা, ইমলা এবং কুরআনভিত্তিক কিছু শব্দ মুখস্থ করবে।

৩য়-৫ম শ্রেণি: কুরআনভিত্তিক আরবি ব্যাকরণ শেখা এবং আল-কুরআনের আয়াতের মাধ্যমে তার প্রয়োগ শিখবে ও অনুশীলন করবে।

৬ষ্ঠ-৭ম শ্রেণি: সম্পূর্ণ আল-কুরআন শব্দে শব্দে তরজমা করা শিখবে পাশাপাশি আরবি ব্যাকরণের প্রয়োগ শিখবে ও চর্চা করবে।

৮ম-১০ম শ্রেণি: উস্তাজ/উস্তাজার কাছে আল-কুরআনের অনুবাদ শোনাবে এবং নির্বাচিত আয়াতের তাফসির শিখবে, ইন-শা-আল্লাহ।

শিক্ষক-অভিভাবক সভা:

পিতা-মাতা বা অভিভাবকবৃন্দের সাথে স্কুলের অধ্যক্ষ, ক্লাস টিচারদের উপস্থিতিতে প্রতিটি সাময়িক পরীক্ষার পূর্বে "প্যারেন্টস মিটিং" অনুষ্ঠিত হবে। এ সকল সভায় সব ধরনের সমস্যা নিয়ে আলোচনা করা হবে এবং প্রতিষ্ঠানের উন্নতির জন্য পিতা-মাতা/অভিভাবকবৃন্দের পরামর্শ ও অভিমত গুরুত্বের সাথে বিবেচনার জন্য গৃহীত হবে।

কারিকুলাম বহির্ভূত কার্যক্রম:

শিক্ষার্থীদের সার্বিক উন্নতির জন্য আর্টস এন্ড ক্রাফটস ও বিজ্ঞান মেলা, ক্বিরাত প্রতিযোগিতা, কুইজ প্রতিযোগিতা, ক্রীড়া প্রতিযোগিতা, দেয়ালিকা, সেমিনার ও আলোচনা অনুষ্ঠান প্রভৃতি আয়োজন করা হবে। এছাড়া প্রতি বছর শিক্ষা-বিনোদন ভ্রমণ আয়োজন করা হবে এবং শিক্ষার্থী-দেরকে বাস্তবভিত্তিক শিক্ষা অর্জনের ব্যবস্থা করা হবে। শিক্ষার্থীরা বিনোদনের পাশাপাশি শিক্ষা অর্জনেও যাতে অগ্রণী হয় সে জন্য তাদেরকে এসব কাজে অংশগ্রহণে উদ্বুদ্ধ করা হবে।

প্রায় প্রত্যেক মাসে ছাত্র- ছাত্রীদেরকে নিয়ে পিকনিকের আয়োজন করা হয়। যার উদ্দেশ্য হল ইসলামিক পরিবেশে থেকে হালাল বিনোদনের মাধ্যমে ছাত্রছাত্রীদেরকে আল্লাহ প্রদত্ত প্রাকৃতিক নিয়ামাতের সাথে পরিচয় করে দেওয়া।

বিদ্যালয় গ্রন্থাগার:

লাইব্রেরী হচ্ছে জ্ঞানগৃহ। শিক্ষা ব্যবস্থায় স্কুল লাইব্রেরীকে শিক্ষানুশীলনের কেন্দ্র গণ্য করা হয়। স্কুল ফর কমিউনিটি ডেভেলপমেন্ট একটি মানসম্পন্ন পাঠাগার পরিচালনা করবে যাতে প্রয়োজনীয় সকল শ্রেণির পাঠ্যচাহিদা পূরণ নিশ্চিত হয়। প্রত্যেক সপ্তাহে ছাত্রছাত্রীদেরকে একটি করে বই দেওয়া হয়। যাতে সে বাসাতে গিয়ে মা বাবার সাথে পড়ে। যার মাধ্যমে ছাত্রছাত্রীদের ইসলামিক জ্ঞান বিকশিত হয় এবং তাদের পারিবারিক বন্ধন যাতে সুদৃঢ় হয়।

খেলার মাঠ

এসসিডিতে ছেলে এবং মেয়েদের আলাদা ৩টি খেলার মাঠ রয়েছে। খেলাধুলার মাধ্যমে শিশুদের শারীরিক ও মানসিক বিকাশ নিশ্চিত করা আমাদের একটি গুরুত্বপূর্ণ লক্ষ্য।

সিসিটিভি নিরাপত্তা এবং ক্লাস পর্যবেক্ষণ

এসসিডির প্রতিটি শ্রেণীকক্ষ, করিডোর, খেলার মাঠ, সিঁড়ি ও প্রবেশপথে রয়েছে ক্লোজ সার্কিট ক্যামেরা। সিসিটিভির মাধ্যমে শিক্ষার্থীদের নিরাপত্তার পাশাপাশি শিক্ষকদের ক্লাস নেওয়ার মান এবং শিক্ষার্থীদের ক্লাস পারফরম্যান্স রুটিন মাফিক মনিটরিং করা হয়। শিক্ষকদেরকে ক্লাস কিভাবে আরও ফলপ্রসূ করা যায় তা নিয়ে নিয়মিত ফিডব্যাক দেওয়া হয় এবং ফিডব্যাক অনুযায়ী ক্লাসের মান উন্নত করা হয়েছে কিনা, তাও পর্যবেক্ষণ করা হয়।

টিফিন ও খাবার

স্কুলের নিজস্ব তত্ত্বাবধানে লাল চাল, লাল আটা, লাল চিনি ইত্যাদি স্বাস্থ্যসম্মত উপাদান দ্বারা তৈরি নিরাপদ টিফিন খাওয়ানো হয়। যারা বিকেলের রিভিশন ক্লাসে থাকে, তাদেরকে দুপুরের খাবার ও বিকেলের নাস্তা খাওয়ানো হয়। এছাড়া, যেসকল শিক্ষার্থী রিভিশন ক্লাসে ভাল পারফর্ম করেন, তাদেরকে বিভিন্ন ফুড আইটেম পুরস্কার হিসেবে দেওয়া হয়।

ভর্তি:

১লা ডিসেম্বর ২০২৬ থেকে এসসিডি সিলেট শাখায় ২০২৭ সালের ভর্তি শুরু হবে, ইন শা আল্লাহ। প্রত্যেক শিক্ষার্থী ভর্তির পূর্বে মা-বাবার সাথে আলোচনা করা হয়। এসসিডিতে ভর্তির প্রধান শর্ত হল - বাচ্চারা বাসায় মোবাইল, টিভি, স্মার্ট ওয়াচ বা অন্য কোন ডিভাইস ব্যবহার করতে পারবে না।

ফি এবং প্রদেয় অন্যান্য অর্থের হার:

	খাত	মূল্য	পরিশোধের নিয়ম
০১	আবেদন ফরম	১০০/-	প্রতি ফরম
০২	ভর্তি ফি	১০,০০০/-	এককালীন
০৩	সেশন ফি	৪,০০০/-	প্রতি বছর
০৪	মাসিক ফি (নার্সারি-কেজি)	৩,০০০/-	প্রতি মাসে
০৫	মাসিক ফি (১ম-৫ম)	৩,৫০০/-	প্রতি মাসে
০৬	মাসিক ফি (ষষ্ঠ)	৪,৫০০/-	প্রতি মাসে
০৭	রিভিশন ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	৩,৫০০/-	প্রতি মাসে
০৮	পরিবহন চার্জ (প্রযোজ্য ক্ষেত্রে)	১,৫০০/-	প্রতি মাসে

মাসিক বেতনের মধ্যে কুরআন হিফজ, আরবী ভাষা, জেনারেল বিষয় সমূহের ক্লাস, প্রাত্যাহিক টিফিন, মাসিক পিকনিক, এক্সট্রা কারিকুলার একটিভিটি, পরিক্ষার ফি অন্তর্ভুক্ত। ছাত্রছাত্রীদেরকে ক্লাস পারফরমেন্স অনুযায়ী বিভিন্ন উপহার দেওয়া হয়। রিভিশন ফির মধ্যে কুরআন ও আরবির রিভিশন, দুপুরের খাবার, বিকেলের নাস্তা অন্তর্ভুক্ত। এছাড়াও ভালো পারফর্মারদের বিভিন্ন মজাদার খাবার রিওয়ার্ড হিসেবে দেওয়া হয়।

পরিশোধের সময় সীমা:

টিউশন ফি প্রত্যেক মাসের ৮ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে।

ক্লাস সময়:

নার্সারি - কেজি: সকাল ৭:০০ - সকাল ১০:৫০

প্রথম - ষষ্ঠ: সকাল ৭:০০ - দুপুর ১২:০০

রিভিশন ক্লাস (প্রযোজ্য ক্ষেত্রে, প্রথম - ষষ্ঠ) দুপুর ২:০০ - বিকাল ৫:৩০

শনিবারের বিশেষ হিফয ক্লাস:

প্রতি শনিবার শুধুমাত্র হিফজ বিভাগের শিক্ষার্থীরা ৩:০০-৪:০০ ঘন্টা সময়ের জন্য স্কুলে আসবে এবং বিগত সপ্তাহের মুখস্তকৃত পড়া শোনাবে।

* **বিশেষ দ্রষ্টব্য:** প্রয়োজন সাপেক্ষে ক্লাসের সময় পরিবর্তন করা হতে পারে

নিয়মিত ছুটি ও বিশেষ অবকাশ সুবিধা:

* সপ্তাহে নিয়মিত দু'দিন ছুটি থাকবে। ছুটির দিন হবে শুক্রবার ও শনিবার।
* রমাদান মাসে এবং গ্রীষ্ম ও শীতকালীন সময়ে বিশেষ অবকাশ দেয়া হবে।
* এছাড়া প্রত্যেক বার্ষিক পরীক্ষার পর সংক্ষিপ্ত অবকাশ দেয়া হবে।
* সরকার ঘোষিত ছুটির দিনসমূহে স্কুল কার্যক্রম সম্পূর্ণ বন্ধ থাকবে।

শৃঙ্খলা:

প্রত্যেক শিক্ষার্থীকে প্রতিষ্ঠানের নিয়ম-নীতি নিষ্ঠার সাথে মেনে চলতে হবে। কোন শিক্ষার্থী প্রতিষ্ঠানের নিয়ম-নীতির যথাযথ অনুসরণে ব্যাঘাত ঘটালে বা তার আচরণ সন্তোষজনক নয় বলে প্রতীয়মান হলে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বহিষ্কার করার ক্ষমতা সংরক্ষণ করবেন।

স্কুল ফর কমিউনিটি ডেভেলপমেন্ট

স্কুল ফর কমিউনিটি ডেভেলপমেন্ট

সিলেট শাখা

বাসা নং ৪৫, উর্মি আবাসিক এলাকা
পশ্চিম শিবগঞ্জ, সিলেট
মোবাইল: 01600 319 999

প্রধান শাখা

বাড়ি নং-৫৪/এ, রোড নং-১২, শেখেরটেক,
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
মোবাইল: 01705-679603

শান্তিনগর শাখা

৬২/৭ শান্তিনগর (পল্টন প্লাজার পূর্বে)
ঢাকা-১২১৭
মোবাইল: 01300-560 657

চট্টগ্রাম শাখা

বাড়ি নং-১৭৬ (নিচতলা), রোড নং-০৮
ব্লক-বি, চান্দগাঁও আবাসিক এলাকা, চট্টগ্রাম।
মোবাইল: 01334-200402

ই-মেইল: sylhet@scdbd.org
ওয়েবসাইট: www.scdbd.org